



zenith
ISLAMI LIFE INSURANCE LTD.
জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড
زينيثه اسلامى ليف انشورنس ليميتيد

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

জীবন বীমা দলিল

জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড (অতঃপর “কোম্পানী” নামে অভিহিত)।

সংযুক্ত তফসিলে বর্ণিত অংশগ্রহণকারী (বীমা গ্রহীতা)-এর নিকট থেকে তফসিলে উল্লেখিত তারিখে স্বাক্ষরিত প্রস্তাবপত্র ও সুস্পষ্ট ঘোষণাপত্র প্রাপ্তির ক্ষেত্রে উক্ত প্রস্তাবপত্র ও ঘোষণাপত্রকে এই পলিসির মূল ভিত্তি হিসেবে গণ্য করে তফসিলে বর্ণিত নির্ধারিত একক প্রিমিয়াম এবং একাধিক কিস্তিতে পরিশোধযোগ্য পলিসির প্রথম প্রিমিয়াম ও পরবর্তী প্রিমিয়াম কিস্তিসমূহ নিয়মিত ও সময়মত প্রদান করে পলিসি চালু রাখা সাপেক্ষে এবং তফসিলে বর্ণিত শর্তাবলী ও কোম্পানী কর্তৃক গৃহীত পৃষ্ঠাংকন (যদি থাকে) এবং ইসলামী বীমা আইনের বিধান সাপেক্ষে এতদ্বারা তফসিলে “প্রাপক” হিসাবে কোম্পানী উল্লেখিত ব্যক্তি(গণ)-কে তফসিলে বর্ণিত প্রদেয় বীমা সুবিধাদি পরিশোধের অঙ্গীকার করছে।

জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর পক্ষে

মুখ্য নির্বাহী কর্মকর্তা

প্রধান কার্যালয়ঃ

আজিজ ভবন (৯ম তলা), ৯৩ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ফোন: ৮৮০-২-৯৫৬০৩৩৮ (হান্টিং), ই-মেইল: info@zenithlifebd.com

ওয়েবসাইট: www.zenithlifebd.com

নীতিমালা : (الوائح)

- * জেনিথ ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড এর সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রম সম্মানিত বীমা গ্রহীতাগণের সাথে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে শরী'আহ সম্মতভাবে মানব কল্যাণের উদ্দেশ্যে পরিচালিত হবে।
- * কোম্পানীর আর্থিক ব্যবস্থাপনায় শরী'আহ অনুমোদিত বিধানাবলী বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানীর সমুদয় আয়-ব্যয়ের ব্যাংকিং কার্যক্রম দু'টি শাখায় পৃথক হিসাবের মাধ্যমে সম্পাদন করা হবে। যথাঃ ক) মুদারাবা (বাণিজ্যিক) হিসাব এবং খ) তাবাররু (কল্যাণ) হিসাব। লাভ-লোকসানের ভিত্তিতে পরিচালনার উদ্দেশ্যে গৃহীত তহবিলের অর্থ দ্বারা মুদারাবা হিসাব ও কল্যাণ তহবিলের অর্থ দ্বারা তাবাররু হিসাব পরিচালিত হবে।
- * এই বীমা দলিলের শর্তাবলীর কোন শর্তে যদি কোনরূপ মতবিরোধ বা সমস্যা পরিলক্ষিত হয় সেক্ষেত্রে দেশের প্রচলিত বীমা আইন ও কোরআন সূন্যহর আলোকে কোম্পানীর শরী'আহ কাউন্সিল-এর পরামর্শে তা নিষ্পত্তি করা হবে।

التسهيلات والشروط العامة : সাধারণ শর্তাবলী

- ১। **বীমা চুক্তি (Insurance Contract) عقد التأمين** : কোম্পানী কর্তৃক প্রথম প্রিমিয়ামের কিস্তি-এবং প্রস্তাবপত্র যথাযথ ভাবে গ্রহণের পর এফ.পি.আর ইস্যুপূর্বক এই বীমা দলিলের কার্যকারিতা শুরু হবে। বীমা চুক্তির প্রিমিয়াম একক এবং একাধিক কিস্তিতে পরিশোধযোগ্য।
- ২। **বীমা চুক্তির অপ্রতিবাদযোগ্যতা (Incontestable Clause) عقد التأمين الغير القابل الجدل** : বীমা আইন ২০১০-এর ৬৮ ধারা অনুযায়ী বীমা শুরুর তারিখ থেকে দু'বছর বীমা চালু থাকার পর বীমা পত্রটি অপ্রতিবাদযোগ্য বলে গণ্য হবে। তবে বীমাগ্রহীতা কোন গুরুত্বপূর্ণ তথ্য গোপন করে থাকলে অথবা কোনপ্রকার মিথ্যা/শঠতার আশ্রয় নিলে এ সুবিধা প্রযোজ্য হবে না।
- ৩। **ভ্রমণ, বাসস্থান এবং পেশা (Travel, Residence and occupation) السفر، السكن والمهنة** : বীমা আইনের বিধান, বীমাচুক্তিভুক্ত বিশেষ প্রতিবিধান এবং কোম্পানী কর্তৃক গৃহীত সমস্ত পৃষ্ঠাংকনের (যদি থাকে) শর্তাবলী সাপেক্ষে বীমাগ্রহীতা ভ্রমণ, বাসস্থান এবং পেশার ক্ষেত্রে বাধ্যবাধকতা থেকে মুক্ত থাকবে। বীমাগ্রহীতা দেশে নিয়মনীতি পালন সাপেক্ষে যে কোন দেশে ভ্রমণ, যে কোন স্থানে বসবাস এবং যে কোন বৈধ পেশা গ্রহণ করতে পারবেন।
- ৪। **কিস্তির অর্থ প্রদান (Payment of Premium) دفع الأقساط** : প্রিমিয়ামের কিস্তির অর্থ প্রেরণে কোন খরচ থাকলে সে খরচ বীমাগ্রহীতা বহন করবেন। ডাকযোগে প্রিমিয়াম কিস্তির অর্থ প্রেরণ করা হলে সেক্ষেত্রে কোম্পানীর অর্থ প্রাপ্তির তারিখই কিস্তি পরিশোধের দিন হিসেবে গণ্য হবে।
- ৫। **অনুগ্রহকাল (Days of Grace) مدة المهلة** : বীমাগ্রহীতা বীমার প্রিমিয়ামের দেয় তারিখ থেকে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রিমিয়াম জমা দিতে পারবেন। যদি প্রিমিয়াম পরিশোধের পূর্বে অথবা অনুগ্রহকালের মধ্যে বীমাগ্রহীতার মৃত্যু হয়, তাহলে বীমাটি কার্যকর বলে গণ্য হবে এবং তার মনোনীতক(গণ) কে চুক্তি মোতাবেক বীমার অর্থ প্রদান করা হবে। তবে পরিশোধযোগ্য বকেয়া কিস্তির অর্থ দাবি অংক থেকে কর্তন করা হবে। অনুগ্রহকালের মধ্যে কিস্তির অর্থ জমা দেয়া না হলে “বিচ্যুতি” ঘটেছে বলে বিবেচিত হবে। দু'বছর নিয়মিত প্রিমিয়াম জমা দেয়ার পূর্বে অনুরূপ “বিচ্যুতি” ঘটলে সংশ্লিষ্ট তারিখ থেকে বীমা পলিসিটি অচল ও তামাদি হয়েছে বলে গণ্য হবে।
- ৬। **তামাদি বীমা (Lapse/Discontinued Police) سند التأمين المسدود** :
 - ক) বীমাগ্রহীতা অনুগ্রহকালের মধ্যে প্রিমিয়ামের অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে তাঁর বীমাটি তামাদি বলে গণ্য হবে।
 - খ) বীমাগ্রহীতার বীমাটি তামাদি হওয়ার পর উক্ত অবস্থায় বীমাগ্রহীতার মৃত্যু হলে তাঁর মনোনীতক কে বীমার প্রদেয় সুবিধা প্রদানযোগ্য হবে না।
- ৭। **তামাদি বীমা পূর্বহাল পদ্ধতি (Revival of Lapse/Descontiuened Police) طريقة استئناف التأمين المسدود** :
 - ক) **সাধারণ পূর্বহাল পদ্ধতি (Ordinary Revival)** : তামাদি বীমা পূর্বহাল করতে চাইলে পরবর্তী ৫ (পাঁচ) বছরের মধ্যে যে কোন সময় নিজ ব্যয়ে বীমা যোগ্যতার সন্তোষজনক প্রমাণ ও সকল প্রিমিয়াম সার্ভিস চার্জসহ পরিশোধ করে বীমাটি পূর্বহাল করা যাবে।
 - খ) **বিশেষ পূর্বহাল পদ্ধতি (Special Revival)** : এ পদ্ধতিতে তামাদি বীমা তামাদির তারিখ থেকে পরবর্তী ৫ (পাঁচ) বছরের মধ্যে একটি প্রিমিয়াম প্রদান করে চালু করার ব্যবস্থা রয়েছে। সে ক্ষেত্রে বীমা শুরুর তারিখ পরিবর্তন হবে। এ জন্য বীমাযোগ্যতার সন্তোষজনক প্রমাণ বীমাগ্রহীতার নিজ ব্যয়ে কোম্পানীর নিকট প্রদান করতে হবে। এই ব্যবস্থায় বীমা শুরুর তারিখ এবং মেয়াদপূর্তির তারিখ এগিয়ে যথাযথ সার্ভিস চার্জ ও বীমাগ্রহীতার বর্ধিত বয়সের জন্য প্রযোজ্য প্রিমিয়ামের বাড়তি প্রিমিয়াম প্রদান করে বীমাটি পূর্বহাল করা যাবে। তবে এ সুযোগ বীমার পূর্ণ মেয়াদকালে একবার মাত্র পাওয়া যাবে।
- ৮। **কিস্তির অর্থ গ্রহণ (Receipt of Premium) استلام الأقساط** : কোম্পানী বীমাগ্রহীতার নিকট থেকে ২ (দুই)টি তহবিলের জন্য প্রিমিয়াম কিস্তির অর্থ গ্রহণ করবে। যথাঃ মুদারাবা (বাণিজ্যিক) তহবিল ও তাবাররু (কল্যাণ) তহবিল।
 - ক) মোট কিস্তির ৯৫% অর্থ মুদারাবা (বাণিজ্যিক) তহবিলে জমা করা হবে।
 - খ) মোট কিস্তির ৫% অর্থ তাবাররু (কল্যাণ) তহবিলে জমা করা হবে।
- ৯। **প্রিমিয়াম রসিদ (Premium Receipt) سند قبض الأقساط** : কেবল মাত্র কোম্পানী কর্তৃক মুদ্রিত এবং যথাযথ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরযুক্ত রসিদই কোম্পানীর পক্ষ থেকে বৈধ রসিদ হিসেবে গণ্য হবে।
- ১০। **জমাকৃত প্রিমিয়াম বাজেয়াপ্ত না হওয়ার নিয়মাবলী (Nonforfeiture of deposited Pcemium) عدم مضادرة مبالغ الأقساط** : পলিসি নগদ সমর্পন মূল্য অর্জনের পর অর্থাৎ ২ (দুই) টি বার্ষিক প্রিমিয়াম প্রদানের পর ২ (দুই) বৎসরকাল অতিক্রান্ত হলে পরবর্তী প্রিমিয়াম পরিশোধ করা না হলেও পলিসিটি একেবারে বাতিল হবে না। পরবর্তী আর কোন প্রিমিয়াম না দিলেও পলিসিকে একটি হ্রাসকৃত অংকের সম্পাদিত বীমায় রূপান্তর করা হবে এবং আর কোন প্রিমিয়াম প্রদান করতে হবে না। কোম্পানীর কোন পাওনা থাকলে তা কেটে রেখে হ্রাসকৃত সম্পাদিত অংক নির্ধারণ করা হবে এবং তা পলিসির মেয়াদপূর্তিতে অথবা তৎপূর্বে বীমা গ্রাহকের মৃত্যু হলে পরিশোধযোগ্য হবে।

১১। জমাকৃত অর্থ ফেরৎ প্রদান (Refund of Premium) إعادة لمبالغ المدوعة :

ক) তাবাররু তহবিলে জমাকৃত অর্থ ক্ষতিগ্রস্তদেরকে সাহায্য করার জন্য সংরক্ষিত থাকবে। উক্ত অর্থ থেকে কখনো কাউকে কোন অংশ ফেরৎ প্রদান করা হবে না।
খ) দু'বছর প্রিমিয়াম কিস্তি জমা দেওয়ার পর ১৯নং শর্ত মোতাবেক মুদারা বা তহবিলে জমাকৃত অর্থ ফেরৎ দেয়া হবে।

১২। বয়স প্রমাণ (Proof of Age) اثبات السن : এ বীমার আওতায় কোন প্রকার সুবিধা প্রদানের পূর্বে বীমাগ্রহীতার বয়স কোম্পানীর নিকট সন্তোষজনক ভাবে প্রমাণ করতে হবে। বয়স নির্ধারণে কোন প্রকার গড়মিল বা ভুল থাকলে প্রিমিয়াম অংক পুনঃনির্ধারণ করা হবে। বীমাগ্রহীতা কর্তৃক বয়স প্রমাণের জন্য যে বিবরণ দেয়া হয়েছে তা যদি মিথ্যা প্রমাণিত হয় অথবা বীমাগ্রহীতা যদি কোন গুরুত্বপূর্ণ তথ্য গোপন করে থাকেন, তবে সেক্ষেত্রে কোম্পানীর পক্ষ থেকে অতিরিক্ত সুবিধা প্রদানের যে চুক্তি করা হয়েছে সে চুক্তি বাতিল বলে গণ্য হবে। এ অবস্থায় বীমাগ্রহীতার মুদারা বা বাণিজ্যিক তহবিলে জমাকৃত অর্থ কোম্পানীর বিধি মোতাবেক ফেরৎ দেয়া হবে। বীমাগ্রহীতা দূর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে যে সুযোগ প্রদান করার কথা তফসিলে উল্লেখ আছে সে সুযোগ প্রদান করা হবে না।

১৩। দাবী পরিশোধ (Settlement of claim) تسديد المطالبة : বিশেষ প্রতিবিধানে ভিন্নরূপ উল্লেখিত না হলে নির্ধারিত দলিলপত্রাদি প্রাপ্তির পর পলিসি ইস্যুর স্থান থেকে দাবী নিষ্পত্তি করা হবে। প্রদেয় দলিলপত্রাদির মধ্যে বিশেষতঃ এই পলিসিতে পূর্বে বয়স প্রমাণিত না হয়ে থাকলে গ্রহণযোগ্য বয়সের প্রমাণপত্র এবং জমাকৃত প্রিমিয়ামের সকল রসিদ জমা দিতে হবে। বীমাবৃত্তের মৃত্যুর ক্ষেত্রে উপরোক্ত দলিল ছাড়াও মৃত্যুর সার্টিফিকেট, চিকিৎসাকারী ডাক্তারের বিবৃতি এবং বীমার অর্থ প্রতিপ্রাপকের সনাক্তকারী প্রমাণপত্র দাখিল করতে হবে। বীমাবৃত্তের মৃত্যু সম্পর্কে যথাশীঘ্র সম্ভব কোম্পানীকে অবহিত করতে হবে। পলিসি থেকে প্রদানযোগ্য অর্থ অবিভাজ্য এবং তা সকল প্রতিপ্রাপক কর্তৃক যৌথভাবে প্রদত্ত একটি মাত্র দায়মুক্তি পত্রের বরাবরে পরিশোধ করা হবে। এই পলিসিতে প্রযোজ্য সকল দায় দেনা দাবী নিষ্পত্তি বাবদ প্রদানযোগ্য অর্থ থেকে কর্তন করা হবে।

১৪। আত্মহত্যা (Suicide) انتحار : বীমা শুরু এবং শেষ পূর্ববাহালের তারিখ থেকে ১ (এক) বছরের মধ্যে বীমাগ্রাহক আত্মহত্যা করলে মৃত্যুদাবী পরিশোধযোগ্য হবে না।

১৫। খুন (Murder) اغتيال : বীমার সুবিধাদি যার প্রাপ্য তার ইচ্ছাকৃত কার্যের ফলে যদি বীমাগ্রহীতার মৃত্যু ঘটে, তাহলে সে প্রাপক বীমা অংকের উপর তাঁর অধিকার হারাবেন। তবে উক্ত পলিসির উপর অপর প্রাপক(গণ) অথবা আইনানুগ ভাবে দাবী করতে পারেন এমন ব্যক্তি(গণ) - এর বরাবর পরিশোধযোগ্য হবে।

১৬। স্বত্ত্ব প্রদান ও হস্তান্তর (Assignment) تسليم التأمین : বীমা আইনের ৫৬নং ধারা অনুযায়ী বীমার স্বত্ত্ব প্রদান বা হস্তান্তর করা যাবে।

১৭। মনোনীতক নিয়োগ (Nomination) ترشيح : পলিসির মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রহীতার মৃত্যু হলে বীমা আইন ২০১০-এর ৫৭ ধারা অনুযায়ী পলিসিতে মনোনীতক (গণ)- কে বীমার অর্থ প্রদান করা হবে। মনোনয়ন না থাকলে আদালত কর্তৃক প্রদত্ত উত্তরাধিকার সনদপত্র অনুযায়ী উত্তরাধিকারী(গণ)-কে বীমার অর্থ প্রদান করা হবে।

১৮। সমর্পণ মূল্য অর্জন ও নগদ মূল্য (Surrender Value) قيمة التنازل وقيمة النقد : বীমা আইন এর ৮৮ ধারা অনুযায়ী কোন বীমা নূন্যতম ২ (দুই) বছর পর্যন্ত চালু থাকলে উহা সমর্পণ মূল্য অর্জন করবে। পলিসিতে ভিন্নভাবে উল্লেখিত না থাকলে লিখিত অনুরোধে এরূপ অর্জিত সমর্পণ মূল্য অবহিত করা হবে।

১৯। পরিশোধিত বীমা অংক (Paid-up Value) التبدیل : ২ (দুই) বছর প্রিমিয়াম প্রদানের পর প্রিমিয়াম প্রদান বন্ধ করা হলে বীমাটি সম্পাদিত (পেইড আপ) বীমাতে রূপান্তরিত হবে। সম্পাদিত বীমার ক্ষেত্রে সম্পাদিত বীমা অংক এবং তার উপর অর্জিত লাভ (যদি থাকে) মেয়াদান্তে গ্রাহককে অথবা মেয়াদ পূর্তির পূর্বে গ্রাহকের মৃত্যুতে গ্রাহকের মনোনীতক (গণ) কে প্রদান করা হবে।

২০। পরিবর্তন (Alteration) المبلغ التأمین : বীমাপত্রে যে কোন পরিবর্তনের জন্য বীমাগ্রাহকের স্বাক্ষরিত তারিখ সহ আবেদনপত্রের প্রয়োজন। পরিবর্তনটি বিধি সম্মত হলে প্রয়োজনীয় চাহিদাদি পাওয়ার পর পৃষ্ঠাংকনের মাধ্যমে তা কার্যকর করা হবে।

২১। বিনিয়োগ প্রদান (Investment) التسليف والاستثمار : সুদভিত্তিক ঋণ প্রদানের ব্যবস্থা কোম্পানী গ্রহণ করবে না। কোম্পানীর বিনিয়োগযোগ্য তহবিল ২০১০ সনের বীমা আইনের বিধান অনুযায়ী এবং শরী'আহ অনুমোদিত সুদমুক্ত ও লাভ-লোকসানের শর্তে বিনিয়োগ করা হবে। বীমাগ্রহীতা ইচ্ছা করলে তাঁর বীমার সমর্পণ মূল্যের সর্বোচ্চ ৯০% পর্যন্ত সার্ভিস চার্জের ভিত্তিতে বিনিয়োগ গ্রহণ করতে পারবেন।

২২। মুনাফা বন্টন (Distribution of Profit) توزيع الارباح : মুদারা বা তহবিলে বিনিয়োগকৃত অর্থের মুনাফা অংশীদারিত্বের ভিত্তিতে ২০১০ সনের বীমা আইন অনুযায়ী বীমাগ্রহীতাদের মধ্যে বন্টন করা হবে যা লভ্যাংশের ৯০% (শতকরা নব্বই ভাগ)-এর কম হবে না। ভবিষ্যতের জন্য একটি স্থায়ী তাবাররু তহবিল গড়ে তোলার উদ্দেশ্যে তাবাররু (কল্যাণ) তহবিলে বিনিয়োগকৃত অর্থ উক্ত তহবিলে জমা করা হবে।

২৩। বীমা দলিল হারিয়ে যাওয়া (Loss of Policy Document) ضياع سند التأمین : কোন প্রকার দায় পরিশোধের পূর্বে বীমার দলিল অবশ্যই কোম্পানীতে জমা দিতে হবে। যদি বীমা দলিল হারিয়ে যায় কিংবা ক্ষতিগ্রস্ত হয়, তবে বীমাগ্রহীতাকে সঙ্গে সঙ্গে কোম্পানীর প্রধান কার্যালয়ে তা লিখিতভাবে অবহিত করতে হবে। কোম্পানীর নির্দিষ্ট নিয়ম এবং আইনগত আনুষ্ঠানিকতা পালনপূর্বক বীমাগ্রহীতা নিজ খরচে কোম্পানী কর্তৃক যথারীতি বীমা স্ট্যাম্প সম্বলিত ডুপ্লিকেট বীমা দলিল প্রদান করা হয়।

২৪। বীমা গ্রাহক ডাইরেকটর পদে নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা (Qualification for Election as a Policyholder's Director)

ملكة المستأمن لانتخاب منصب المدير : কোম্পানীর পরিচালনা বোর্ড বীমা গ্রাহক ডাইরেকটর পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বীমা আইনের বিধান মতে যোগ্য ব্যক্তির অন্তত : ৩(তিন) বছর যাবৎ কোম্পানী কর্তৃক ইস্যুকৃত এক বা একাধিক পলিসিতে মুনাফাসহ (নির্বাচন দিবসের পূর্বে যদি যুক্ত হয়ে থাকে) নূন্যতম ৩০০০/- (তিন হাজার) টাকার বীমা অথবা স্বীয় জীবনের উপর নূন্যতম ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকার এনুইটি থাকতে হবে। পলিসি স্বত্বর্পণ করার কারণে কোন বীমা গ্রাহক ডাইরেকটর পদে নির্বাচনের জন্য যোগ্যতা হারাবেন না। তবে, কোন উপস্বত্বভোগী অনুরূপ নির্বাচনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।



বিশেষ দৃষ্টব্য : এই পলিসির বিষয়বস্তু পরীক্ষা করে দেখতে এবং যদি কোন ভুল ভ্রান্তি ধরা পড়ে তা হলে তা সংশোধনের জন্য পলিসিটি কোম্পানীর নিকট পাঠাতে অনুরোধ করা যাচ্ছে। প্রয়োজনীয় সংশোধনের পর তা আপনার নিকট পূরণায় প্রেরণ করা হবে।



zenith
ISLAMI LIFE INSURANCE LTD.
জেনিথ ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড
زينيثه اسلامي ليف انشورنس ليميتيد

প্রধান কার্যালয়: আজিজ ভবন (৯ম তলা), ৯৩ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।